


সংবাদ বিজ্ঞপ্তি

MuhammadYunus.org

ড. মুহাম্মদ ইউনুস ও গ্রামীণ ব্যাংকের নোবেল শান্তি পুরস্কার অর্জন - বাংলাদেশের একটি অনন্য বিজয়। সেই বিজয়ের রূপকার ড. মোহাম্মদ ইউনুসের উপর বিভিন্ন তথ্যাবলী বিভিন্ন ভাষায় তুলে ধরার দায়িত্ব নিয়েছেন প্রবাসী বাংলাদেশীদের দ্বারা সংগঠিত MuhammadYunus.org নামে একটি সংগঠন।

২৫শে অক্টোবর ২০০৬ জাপানের টোকিওতে এক অনাড়ম্বর অনুষ্ঠানে ড. মুহাম্মদ ইউনুস MuhammadYunus.org ওয়েবসাইটের উদ্বোধন করেন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন জাপানে বাংলাদেশের রাষ্ট্রদূত ও স্থানীয় গণ্যমান্য কর্মকর্তা। এই সাইটটি বর্তমানে ড. ইউনুসের উপর তথ্য, তাঁর কাজ, তাঁর দর্শন ও বিভিন্ন তথ্যাবলী উপস্থাপন করা শুরু করেছে। বর্তমানে ইংরেজী, বাংলা ও জাপানীজ ভাষায় এই সাইটটি শুরু হলেও অন্যান্য ভাষাতে অনুবাদের কাজ চলছে। MuhammadYunus.org শুধুমাত্র একটি ওয়েবসাইট পোর্টালই নয়, বরং এটি একটি সোশাল বিজনেস এন্টারপ্রাইজ (Social Business Enterprise) অবকাঠামো হিসাবে কাজ করবে এবং ড. ইউনুসের দর্শনকে বাস্তবিকভাবে রূপ দেবার জন্য কাজ করবে।

যারা এই ব্যাপারে সহযোগীতা করতে আগ্রহী তারা যোগাযোগ করুন info@muhammadyunus.org



চিত্র: MuhammadYunus.org এর সূচনা অনুষ্ঠানে ড. ইউনুস এর সাথে উদ্বোধনগণ এবং ড. মুহাম্মদ ইউনুসের স্বাক্ষরিত ওয়েবসাইট [২৫শে অক্টোবর ২০০৬, টোকিও]